

## 💵 সুনান আত তিরমিজী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ৩৭৪২

৪৬/ রাসূলুল্লাহ ﷺ ও তার সাহাবীগণের মর্যাদা (ﷺ ও তার সাহাবীগণের মর্যাদা (﴿ كَتَابِ الْمِنَاقِبِ عَن رَسُولَ الله ﴾ পরিচ্ছেদঃ ২২. ত্বালহা ইবনু উবাইদুল্লাহ (রাযিঃ)-এর মর্যাদা

## আরবী

حَدَّقَنَا أَبُو كُرَيْبِ، مُحَمَّدُ بْنُ الْعَلاَءِ حَدَّقَنَا يُونُسُ بْنُ بُكَيْرٍ، حَدَّقَنَا طَلْحَةُ بْنُ يَحْيَى، عَنْ مُوسَى، وَعِيسَى، ابْنَىْ طَلْحَةَ عَنْ أَبِيهِمَا، طَلْحَةَ أَنَّ أَصْحَابَ، رَسُولِ اللَّهِ صلى الله عليه وسلم قَالُوا لأَعْرَابِيِّ جَاهِلِ سَلْهُ عَمَّنْ قَضَى نَحْبَهُ مَنْ هُوَ وَكَانُوا لاَ يَجْتَرِئُونَ عَلَى مَسْأَلَتِهِ يُوَقِّرُونَهُ وَيَهَابُونَهُ فَسَأَلَهُ الأَعْرَابِيُّ فَأَعْرَضَ عَنْهُ ثُمَّ سَأَلَهُ فَأَعْرَضَ عَنْهُ ثُمَّ سَأَلَهُ فَأَعْرَضَ عَنْهُ ثُمَّ سَأَلَهُ فَأَعْرَضَ عَنْهُ ثُمَّ إِنِّي اطلَعْتُ مِنْ بَابِ الْمَسْجِدِ وَعَلَىَّ ثِيَابٌ خُصْرٌ فَلَمَّا رَآنِي رَسُولُ اللّهِ فَأَعْرَضَ عَنْهُ ثُمَّ إِنِّي اطلَعْتُ مِنْ بَابِ الْمَسْجِدِ وَعَلَىَّ ثِيَابٌ خُصْرٌ فَلَمَّا رَآنِي رَسُولُ اللّهِ صلى الله عليه وسلم قَالَ " أَيْنَ السَّائِلُ عَمَّنْ قَضَى نَحْبَهُ " . قَالَ الأَعْرَابِيُّ أَنَا يَا رَسُولَ اللّهِ . قَالَ الله عليه وسلم قَالَ " أَيْنَ السَّائِلُ عَمَّنْ قَضَى نَحْبَهُ " . قَالَ الأَعْرَابِيُّ أَنَا يَا رَسُولَ اللّهِ . قَالَ " هَذَا مِمَّنْ قَضَى نَحْبَهُ " . قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ حَسَنٌ غَرِيبٌ لاَ نَعْرِفُهُ اللّهِ عَلَى اللهُ عَلَى اللهُ عَلَى اللهُ عَنْ يُونُسَ بْنِ بُكَيْرٍ . وَقَدْ رَوْاهُ غَيْرُ وَاحِدٍ مِنْ كِبَارِ أَهْلِ الْحَديثُ عَرْ أَبِي كُرَيْبٍ عَنْ يُونُسَ بْنِ بُكَيْرٍ . وَقَدْ رَوْاهُ غَيْرُ وَاحِدٍ مِنْ كِبَارِ أَهْلِ الْحَديثِ عَنْ أَبِي كُرَيْبٍ بِهَذَا الْحَديث . وَسَمِعْتُ مُحَمَّدَ بْنَ إِسْمَاعِيلَ يُحَدِّثُ بِهَذَا عَنْ أَبِي كُرَيْبٍ وَوَضَعَعُهُ فِي كَتَابِ الْفُوَائِدِ .

## বাংলা

৩৭৪২। তালহা (রাযিঃ) হতে বর্ণিত আছে যে, রাসূলুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম-এর সাহাবীগণ এক মূর্খ বেদুঈনকে বলেন, তুমি আল্লাহ তা'আলার নবীকে প্রশ্ন কর, তিনি কে যে লোক নিজের ওয়াদা পূর্ণ করেছেন? সাহাবীগণ তাকে কিছু প্রশ্ন করতে দুঃসাহস করতেন না। তারা তাকে শ্রদ্ধা করতেন এবং তার মর্যাদাবোধে তারা আকৃষ্ট ছিলেন। অতএব তাকে বেদুঈন প্রশ্ন করলে তিনি তার হতে মুখ ফিরিয়ে নেন। সে পুনরায়ও প্রশ্ন করলে এবারও তিনি তার দিক হতে মুখ ফিরিয়ে নেন। (ত্বালহা বলেন) তারপর আমি সবুজ পোশাক পরিধান করা অবস্থায় মসজিদের দরজা দিয়ে উপস্থিত হলাম। রাসূলুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম আমাকে দেখেই বললেনঃ "কোন লোক তার ওয়াদা পূরণ করেছে" এই প্রশ্নকারী কোথায়? বেদুঈন বলল, এই যে আমি, হে আল্লাহর রাসূল! রাসূলুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম আমার দিকে ইশারা করে বললেনঃ যারা নিজেদের ওয়াদা পূর্ণ করেছে এই লোক তাদের অন্তর্ভুক্ত।



হাসান সহীহঃ এটা ৩২০৩ নং হাদীসের পুনরুক্তি।

আবূ ঈসা বলেন, এ হাদীসটি হাসান গারীব। এ হাদীস আমরা শুধুমাত্র আবূ কুরাইব হতে, ইউনুস ইবনু বুকাইরের সনদেই অবগত হয়েছি।

একাধিক শীর্ষস্থানীয় হাদীস বিশেষজ্ঞ এ হাদীস আবূ কুরাইবের সনদে রিওয়ায়াত করেছেন। এ হাদীস আমি মুহাম্মাদ ইবনু ইসমাঈল বুখারীকে আবূ কুরাইবের সনদে রিওয়ায়াত করতে শুনেছি এবং তিনি তার কিতাবুল ফাওয়াইদ শীর্ষক গ্রন্থে এ হাদীসটি স্থান দিয়েছেন।

## **English**

Narrated Musa and 'Eisa, the sons of Talhah:

from their father: "The Companions of the Prophet (ﷺ) said, to an unknowing Bedouin man: 'Ask him who it is that has fulfilled his vow.' They were not in the habit of asking questions out of their respect and reverence for him. So the Bedouin asked him, but he turned away from him. Then he asked him again, but he turned away from him. Then again he asked him, but he turned away from him. Then I stood looking from the door of the Masjid, while I was wearing a green garment, and I saw the Prophet (ﷺ), he said: 'Where is the one who was asking about the one who fulfilled his vow?' The Bedouin said: 'Here I am O Messenger of Allah!' The Messenger of Allah (ﷺ) said: 'This is one who has fulfilled his vow.'"

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হুসাইন আল-মাদানী 🛘 বর্ণনাকারীঃ মূসা ইবনু তালহা (রাঃ)

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন